# অসুস্থবোধ করায় আবারো বেগম জিয়াকে নেওয়া হয়েছে এভারকেয়ার হাসপাতালে



বেগম খালেদা জিয়া: সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে শারীরিক জটিলতার কারণে ব্যক্তিগত চিকিৎসকদের পরামর্শে রাজধানীর এভার কেয়ার হাসপাতালে নেয়া হচ্ছে। চিকিৎসকরা জানিয়েছেন, তার কিছু জরুরি পরীক্ষা-নিরীক্ষা প্রয়োজন।

বুধবার (২৩ জুলাই) দিবাগত রাতে শারীরিক জটিলতা দেখা দেওয়ায় বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে রাজধানীর এভার কেয়ার হাসপাতালে নেয়া হচ্ছে। তার ব্যক্তিগত চিকিৎসক ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন গণমাধ্যমকে জানিয়েছেন, স্বাস্থ্যগত কিছু গুরুতর সমস্যা দেখা দেওয়ায় রাতেই তাকে হাসপাতালে স্থানান্তরের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান জানান, পূর্বনির্ধারিত সূচি অনুযায়ী চেয়ারপারসনকে হাসপাতালে নেয়া হবে এবং সেখানে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা সম্পন্ন করা হবে।

LENS ASIA